



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/20/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো জর্জিয়ার সাভানার উদ্দেশ্যে রওনা হয়েছেন COVID-19 এর বিরুদ্ধে লড়াইয়ে শহরকে সাহায্য করার জন্য

গভর্নর NYS ডেলিগেশন, সাভানার মেয়র ভ্যান আর. জনসন এবং সাভানা হেল্থ কেয়ার (Savannah Health Care) টিমের সাথে গোলটেবিল বৈঠক করবেন এই বিশ্বব্যাপী মহামারীর সাথে মোকাবেলার জন্য সর্বোত্তম অনুশীলন সম্পর্কে

গভর্নর কুওমো: "আমি বলেছিলাম, যখন আমি ছোট এবং স্বাস্থ্যবান ছিলাম, যখন আমরা আমাদের শিখর প্র করে যাব, তখন আমরা যাদের সাহায্য প্রয়োজন, এবং যা কিছু প্রয়োজন, তার জন্য তাদের পাশে থাকবো। আমি বলেছি আমি ব্যক্তিগতভাবে গাড়ি চালাবো এবং তাদের সাহায্য করবো। এবং আবার, এটা ছিল ভবিষ্যতের জন্য একটা প্রতিশ্রুতি যা আমি নিউ ইয়র্কবাসীদের পক্ষ থেকে দিয়েছি এবং আমরা এটাকে সম্মান জানাবো।"

কুওমো: "ফেডারেল সরকার এখনো এই ভাইরাস সম্পর্কে অস্বীকার করছে। এটা এখনো বিজ্ঞান অনুসরণ করতে অস্বীকার করছে। এটা এখনো মনে করে রাজনীতি করে এই ভাইরাসকে হারানো যাবে। আর আমি প্রথম দিন থেকেই প্রেসিডেন্টকে বলেছি, এই ভাইরাস রাজনীতির প্রতি সাড়া দেয় না। এটা নির্যাতনের জবাব দেয় না। এটা কথায় সাড়া দেয় না। অস্বীকার করলে এটা সাড়া দেয় না। এটা বিজ্ঞানের বিষয়। আমরা নিউ ইয়র্কে কি করেছি? আমরা এটা বিজ্ঞান হিসেবে করেছি। আমরা এটা পরিসংখ্যানের ভিত্তিতে পরিচালনা করেছি। আমরা ডেটার ভিত্তিতে এটা করেছি, আমরা আজ মেয়র ভ্যান জনসন এবং তার দলের সাথে দেখা করতে যাচ্ছি, আমি মেয়রের সাথে কথা বলছি। এবং আমরা জর্জিয়ার সাভানাতে যাবো - আমরা তাদের বলবো আমরা কি করেছি এবং তাদের পরীক্ষামূলক প্রোগ্রাম, ট্রেসিং প্রোগ্রামের মাধ্যমে সাহায্য করব। আমরা হাজার হাজার PPE নিয়ে আসছি এবং আমাদের কাছ থেকে তাদের যা প্রয়োজন তা তারা পাবেন।"

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো এবং NY এর COVID-19 টাস্ক ফোর্স আজ জর্জিয়া সাভানার জন্য যাত্রা করেছেন COVID-19 এর বিরুদ্ধে লড়াইয়ে শহরটিকে সাহায্য করার জন্য যেহেতু সেখানে পজিটিভ কেস এবং হাসপাতালে ভর্তি হওয়ার সংখ্যা বেড়ে উঠছে। সাভানাতে গভর্নর একটি গোল টেবিল বৈঠকের আয়োজন করবেন নিউইয়র্ক স্টেটের ডেলিগেশন, মেয়র ভ্যান আর. জনসন এবং সাভানা হেল্থ কেয়ার (Savannah Health Care) টিমের সাথে এই বিষয়ব্যাপী মহামারির সাথে

লড়াই করার সেরা অনুশিলনগুলি এবং কন্ট্যাক্ট ট্রেসিং পরিচালনা নিয়ে আলোচনা করতে। গভর্নর কুওমো আজ সন্ধ্যায় অ্যালবেনিতে ফিরবেন।

নিউ ইয়র্ক ডেলিগেশনের সদস্যদের মধ্যে আছেন:

- মেলিসা ডিরোজা, গভর্নরের সেক্রেটারি
- রবার্ট মুজিকা, স্টেটের বাজেট পরিচালক
- স্টেটইউনিভার্সিটি অফ নিউইয়র্ক (SUNY) এম্পায়ার স্টেট কলেজের (SUNY Empire State College) প্রেসিডেন্ট জিম ম্যালাট্রাস
- গ্যারেথ রোডস, NYS ডিপার্টমেন্ট অফ ফিন্যান্সিয়াল সার্ভিসেসের (NYS Department of Financial Services) ডেপুটি সুপারিন্টেন্ডেন্ট, COVID-19 টাস্ক ফোর্সের সদস্য
- ল্যারি সোয়ার্টজ, গভর্নরের প্রাক্তন সচিব, COVID-19 টাস্ক ফোর্সের সদস্য
- লিজা পিনো, NYS ডিপার্টমেন্ট অফ হেলথের (NYS Department of Health) একজেকিউটিভ ডেপুটি কমিশনার
- এডগার স্যান্টানাকে ডাউনস্টেট রিজিওনাল অ্যাফেয়ার্সের পরিচালক।

"যখন আমরা নিউ ইয়র্কে এই ভাইরাস নিয়ে আমাদের সবচেয়ে খারাপ সময়ে ছিলাম, তখন সারা দেশ থেকে স্বৈচ্ছাসেবকরা এই ভয়াবহ রোগের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করতে আমাদের কাছে আসেন, এবং এখন আমরা যখন আমাদের শিখর পার করে গেছি, আমরা যে কোন শহর বা রাজ্যকে তাদের প্রয়োজনীয় সাহায্য প্রদান করতে প্রস্তুত," **গভর্নর কুওমো বলেন।** "আমাদের ফেডারেল সরকার এখনো এই ভাইরাস সম্পর্কে অস্বীকার করছে এবং পাঁচ মাস পরেও এই দেশটি এর মোকাবেলা করার জন্য পুরোপুরি অপ্রস্তুত - আমি অন্যান্য রাজ্য এবং মেয়র এবং গভর্নরদের সাথে কথা বলছি এবং তাদের এখনো পরীক্ষা, ট্রেসিং প্রোগ্রাম বা PPE নেই। আমরা আজ জর্জিয়ার সাভানাতে মেয়র ভ্যান জনসন এবং তার দলের সাথে সাক্ষাৎ করতে যাচ্ছি, আমরা তাদের বলবো আমরা কি করেছি, আমরা তাদের পরীক্ষা এবং ট্রেসিং প্রোগ্রাম নিয়ে সাহায্য করব, আমরা হাজার হাজার PPE নিয়ে আসবো এবং তারা আমাদের কাছ থেকে যা চাইবে তা তারা পাবেন।"

নিউ ইয়র্ক স্টেট অন্যান্য শহর এবং রাজ্যগুলিকে দেশব্যাপী COVID-19 এর বিরুদ্ধে লড়াই করতে সাহায্য করতে প্রতিশ্রুতিবদ্ধ। গত বৃহস্পতিবার, গভর্নর কুওমো ঘোষণা করেন যে নিউ ইয়র্ক স্টেট [টেক্সাসের হিউস্টনে](#), দুটি চার্চ টেস্টিং সাইট প্রতিষ্ঠা করেছে COVID-19 হটস্পটগুলিতে। 13 জুলাই, গভর্নর কুওমো ঘোষণা করেন যে নিউ ইয়র্ক স্টেট [জর্জিয়ার আটলান্টায়](#) পরীক্ষার এবং কন্ট্যাক্ট ট্রেসিংয়ের দল পাঠাবে। 10 জুলাই, গভর্নর কুওমো ঘোষণা করেছিলেন যে নিউ ইয়র্ক স্টেট COVID-19 এর ঔষধ রেমডেসিভির [ক্লোরিডায়](#) প্রেরণ করবে কারণ সেই রাজ্য আক্রান্ত ব্যক্তিদের কেসের সংখ্যা বেড়ে ওঠার অভিজ্ঞতা করছেন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)